

২৭. রক্ত করবী

আমার মাসির বাড়ির পুকুরের পূর্বপাশে
নেবু তলার পাশটিতে আমার প্রিয় রক্ত করবী।
বুকের মধ্যে একটু একটু বেড়ে উঠা ভালবাসা;
মাসির দেবরের কণ্যার দেয়া উপহার।
পলিদের বাগান থেকে কোন এক ফ্লাগুনে
এনেছিলাম ঠিক মনে নাই;
ভাবতে অবাক লাগে ,রক্ত করবী
তোমাকে ছেড়ে আগামীকাল কাক ডাকা ভোরে
চলে যাব।

তুমি জানো রক্ত করবী আমার চাকুরী হয়েছে;
পথ ডাকছে আমায় কিন্তু বিশ্বাস করো
তোমায় ছেড়ে একদম মন চাইছে না।
রক্ত করবী তোমার পাপড়িতে
আমার প্রেমের প্রথম সোপান;
সব আগে তুমি আমাকে বেধেছ
প্রেমের রাখি বন্ধনে।

তাই রক্ত করবী তোমায় আজও
ভুলিনি ,ভুলতে পারি না;
তবুও মনে রেখ রক্ত করবী

যদিও দূরে যাই চলে,

যদিও পুরাতন প্রেম ঢাকা পড়ে গো

তোমার নব প্রেমের জালে।

মিনতি রইল গো কভু ভুলে, দুঃখ দিয়ে থাকি তব ফুলে,

লভিলাম কেবলি কলংক বঞ্চণা, যদি পারতো মোরে করো ক্ষমা।